375

দৈনিক সংবাদ

তারিখ ... MAR. 28 1999

পৃষ্ঠা ৪ কলাম ৭

## ঢাকা ইউনিভার্সিটিতে বাড়তি নাম্বার কমানো হোক

সকল ছাত্রছাত্রীরই লক্ষ্য ঢাকা ইউনিভার্সিটিতে অনার্স-মাস্টার্স পড়ার। আমরা ঢাকা ইউনিভার্সিটির ভর্তি পরীক্ষার জন্য প্রস্তুতি নিয়েছি- আমাদের কোচিং, প্রাইভেট প্রায় শেষ। কর্তৃপক্ষ এমন সময় ঘোষণা করলেন, প্রত্যেক ইউনিটে পূর্বের চেয়ে ৫০ নাম্বার বেশি লাগবে। কিন্তু আমাদেরসহ দেশের অসংখ্য ছাত্রছাত্রীর তা অপেক্ষা কিছু কম নাম্বার আছে। 'আমরা পরীক্ষা দিতে পারব না'- এই কথাটা ভাবতেই আমাদের চোখে পানি এসে পড়ে। ভর্তি পরীক্ষার জন্য আমাদের যত টাকা-পয়সা খরচ, শ্রম, সাধনা, চেষ্টা কর্তৃপক্ষের এই একটি সিদ্ধান্তের কারণে সব বিফলে গেল। তারা যদি পূর্বে এই সিদ্ধান্ত নিতেন তবে আমাদের কিছু বলার ছিল না। এই সিদ্ধান্তের কারণে আমরা খুবই হতবিহ্বল হয়ে পড়েছি। মেডিক্যালসহ অন্যান্য বিশ্ববিদ্যালয়ে পূর্বের নিয়মেই পরীক্ষা হচ্ছে। তাই আমরা কর্তৃপক্ষের এই সিদ্ধান্তের তীব্র প্রতিবাদ, বিরোধিতা করছি।

তাদের প্রতি আমাদের অশ্রুসিক্ত আবেদন, তারা যেন এই বাড়তি নাম্বার কমিয়ে দেন।

পলাশ, অমি, রূপক, পলক
কাঁঠালবাগান, ঢাকা।